চতুর্থ শ্রেণি ● গণিত ● অধ্যায়ভিত্তিক প্রাকটিস শীট (বহুনির্বাচনি প্রশ্ন)

অধ্যায়—১০: জ্যামিতি

১. যে আয়তের চারটি বাহু সমান তাকে কী বলে?
● বর্গ খ. আয়ত
গ. সামান্তরিক ঘ. চতুর্ভুজ

২. আয়তের শীর্ষবিন্দু কয়টি?
ক. ১টি খ. ২টি
গ. ৩টি ● ৪টি

৩. সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি কোণের সমান কতো?
ক. ৭০° ● ৬০°
গ. ৫০° ঘ. ৪৫°

৪. কোনো ত্রিভুজের একটি কোণ ১০০° হলে ত্রিভুজটি কী ধরনের ত্রিভুজ?
ক. সমবাহু খ. সমকোণী
গ. সূক্ষ্মকোণী ● স্থূলকোণী

৫. সমকোণী ত্রিভুজে সমকোণ কয়টি?
● ১টি খ. ২টি
গ. ৩টি ঘ. ৪টি

৬. স্থূলকোণী ত্রিভুজে কয়টি কোণ ৯০° চেয়ে বড়ো?
ক. ২টি ● ১টি
গ. ৩টি ঘ. ৪টি

৭. এক সরলকোণ = কতো ডিগ্রি?
ক. ৪৫° খ. ৯০°
গ. ১৬০° ● ১৮০°

৮. কোণের আকৃতি পরিমাপের একক কী?
ক. মিটার খ. কিলোগ্রাম
গ. লিটার ● ডিগ্রি

৯. যে চতুর্ভুজের বিপরীত বাহুগুলো সমান ও সমান্তরাল এবং কোণগুলো সমকোণ তাকে কী বলে?
ক. বর্গ ● আয়ত
গ. রম্বস ঘ. ট্রাপিজিয়াম

১০. কোনো চতুর্ভুজের চারটি কোণই সমকোণ হলে তাকে কী বলে?
● আয়ত খ. রম্বস
গ. সামান্তরিক ঘ. ট্রাপিজিয়াম

১১. নিচের কোনটি সমদ্বিবাহু ত্রিভুজের বৈশিষ্ট্য?
ক. তিনটি বাহুই সমান
● দুইটি বাহু সমান
গ. তিনটি বাহু অসমান
ঘ. তিনটি কোণই অসমান

১২. সূক্ষ্মকোণী ত্রিভুজে সূক্ষ্মকোণ কয়টি?
ক. ১টি খ. ২টি
● ৩টি ঘ. ৪টি

১৩. বাহুভেদে ত্রিভুজ কয় প্রকার?
ক. ২ খ. ৪
গ. ৫ ● ৩

১৪. ৯০° এর সমান কোণকে কী বলে?
● সমকোণ খ. সূক্ষ্মকোণ
গ. স্থূলকোণ ঘ. সরলকোণ

১৫. কোণ আকার জন্য কয়টি রেখাংশের প্রয়োজন?
ক. ৩টি খ. ১টি
● ২টি ঘ. ৫টি

চতুর্থ শ্রেণি ● গণিত ● অধ্যায়ভিত্তিক প্রাকটিস শীট (শূন্যস্থান পূরণ)

অধ্যায়—১০: জ্যামিতি

১. কোণের আকৃতিই কোণের ----- নির্দেশ করে।
উত্তর: পরিমাপ।

২. ১৮০° কোণকে বলা হয় -----।
উত্তর: সরলকোণ।

৩. সমবাহু ত্রিভুজের ----- টি কোণই সমান।
উত্তর: ৩।

৪. সমদ্বিবাহু ত্রিভুজের ----- টি সমান কোণ রয়েছে।
উত্তর: ২।

৫. সবগুলো কোণই ৯০° এর ছোটো তা ----- ত্রিভুজ।
উত্তর: সূক্ষ্মকোণী।

৬. বাহুভেদে ত্রিভুজ ----- প্রকার।
উত্তর: ৩।

৭. কোণ ভেদে ত্রিভুজগুলো হলো যথাক্রমে সূক্ষ্মকোণী, ----- ও স্থূলকোণী ত্রিভুজ।
উত্তর: সমকোণী।

৮. দুইটি রেখা ----- হয় তারা সবসময়ই একে অপর থেকে সমান দূরত্বে থাকে এবং কখনোই একে অপরের সাথে মিলে না।
উত্তর: সমান্তরাল।

৯. সমান্তরাল রেখার আদর্শ হিসেবে আমরা দুইটি সরল ----- কে কল্পনা করে নিতে পারি।
উত্তর:রেললাইন।

১০. একটি কোণ ৯০° তা হলো ----- ত্রিভুজ।
উত্তর: সমকোণী।

১১. আয়তের চারটি বাহু পরস্পর সমান হলে তাকে ----- বলে।
উত্তর: বর্গ।

১২. ----- চতুর্ভুজের বাহুগুলো সমান।
উত্তর: বর্গ।

১৩. কোণের আকৃতি পরিমাপের একক -----।

উত্তরঃ ডিগ্রি।

১৪. ১ সমকোণ = ----- ডিগ্রি।
উত্তরঃ ৯০।

১৫. তিনটিই অসমানবাহু ----- ত্রিভুজের।
উত্তরঃ বিষমবাহু।

১৬. ----- ত্রিভুজের প্রতিটি কোণই ৬০°।
উত্তরঃ সমবাহু।

১৭. ৩টি ৬০° কোণ রয়েছে -----।
উত্তরঃ সমবাহু।

১৮. তিনটি কোণের একটি ৯০° এর বড়ো তাকে আমরা বলি ----- ত্রিভুজ।
উত্তরঃ স্থূলকোনী।

১৯. কোণ ভেদে ত্রিভুজ ----- প্রকার।
উত্তরঃ ৩।

২০. বর্গ আঁকতে ----- টি বাহুর দৈর্ঘ্য জানা দরকার।
উত্তরঃ একটি।

১. সূক্ষ্মকোণ (Acute Angle)

সংজ্ঞা: যে কোণের পরিমাপ 0° অপেক্ষা বড় কিন্তু 90° (এক সমকোণ) অপেক্ষা ছোট, তাকে **সূক্ষ্মকোণ** বলে।



যেমন: ৪৫° কোণ হলো সূক্ষ্মকোণ।

২. সমকোণ (Right Angle)

সংজ্ঞা: যে কোণের পরিমাপ ঠিক 90° বা এক সমকোণের সমান, তাকে **সমকোণ** বলে।



উদাহরণ: একটি খাড়া রেখা অন্য একটি ভূমির রেখার ওপর লম্বভাবে অবস্থান করলে 90° কোণ তৈরি হয়।

৩. স্থূলকোণ (Obtuse Angle)

সংজ্ঞা: যে কোণের পরিমাপ 90° অপেক্ষা বড় কিন্তু 180° (দুই সমকোণ) অপেক্ষা ছোট, তাকে **স্থূলকোণ** বলে।



যেমন: ১২০° কোণ হলো স্থূলকোণ।

৪. সমবাহু ত্রিভুজ (Equilateral Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই একে অপরের সমান, তাকে **সমবাহু ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: এর তিনটি কোণই সমান এবং প্রতিটি কোণের মান ৬০°

৫. সমদ্বিবাহু ত্রিভুজ (Isosceles Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের যেকোনো দুটি বাহুর দৈর্ঘ্য সমান এবং একটি বাহু অসমান, তাকে **সমদ্বিবাহু ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: এর সমান দুই বাহুর সংলগ্ন কোণ দুটিও পরস্পর সমান হয়

৬. বিষমবাহু ত্রিভুজ (Scalene Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই পরস্পর অসমান, তাকে **বিষমবাহু ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: এর তিনটি বাহু এবং তিনটি কোণের কোনোটিই একে অপরের সমান নয় ।

৭. সমকোণী ত্রিভুজ (Right-angled Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের যেকোনো একটি কোণ সমকোণ বা 90°, তাকে **সমকোণী ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: সমকোণের বিপরীত বাহুকে **অতিভুজ** বলে। বাকি কোণ দুটি সূক্ষ্মকোণ হয়।

৮. সূক্ষ্মকোণী ত্রিভুজ (Acute-angled Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের তিনটি কোণই সূক্ষ্মকোণ, তাকে **সূক্ষ্মকোণী ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: এর কোনো কোণই 90° বা তার বেশি হতে পারে না। (যেমন: সমবাহু ত্রিভুজ একটি সূক্ষ্মকোণী ত্রিভুজ)।

৯. স্থূলকোণী ত্রিভুজ (Obtuse-angled Triangle)

সংজ্ঞা: যে ত্রিভুজের যেকোনো একটি কোণ স্থূলকোণ, তাকে **স্থূলকোণী ত্রিভুজ** বলে।



বৈশিষ্ট্য: একটি ত্রিভুজে সর্বোচ্চ একটিই স্থূলকোণ থাকতে পারে। অপর দুটি কোণ অবশ্যই সূক্ষ্মকোণ হবে।